

## সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ১০৯২

১৮/ সালাত কাসর করা (کتاب التقصیر)

পরিচ্ছেদঃ ১৮/৬. সফরে মাগরিবের সালাত তিন রাক'আত আদায় করা।

بَابِ يُصلِّي الْمَغْرِبَ ثَلاَتًا فِي السَّفَرِ

## আরবী

وَزَادَ اللَّيْثُ قَالَ حَدَّثِنِي يُونُسُ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ سَالِمٌ كَانَ ابْنُ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا يَجْمَعُ بَيْنَ الْمَغْرِبِ وَالْعِشَاءِ بِالْمُزْدَلِفَةِ قَالَ سَالِمٌ وَأَخَّرَ ابْنُ عُمَرَ الْمَغْرِبَ وَكَانَ اسْتُصْرِخَ عَلَى امْرَأَتِهِ صَفِيَّة بِنْتِ أَبِي عُبَيْدٍ فَقُلْتُ لَهُ الصَّلاَةَ فَقَالَ سِرْ فَقُلْتُ الصَّلاَةَ فَقَالَ سِرْ فَقُلْتُ الصَّلاَةَ فَقَالَ سِرْ حَتَّى سَارَ مِيلَيْنِ أَوْ ثَلاَثَةً ثُمَّ نَزَلَ فَصَلَّى ثُمَّ قَالَ هَكَذَا رَأَيْتُ النَّبِيَّ صلى الله عَليه وسلم يُصلِي إِذَا أَعْجَلَهُ السَّيْرُ وَقَالَ عَبْدُ اللهِ رَأَيْتُ النَّبِيَّ إِذَا أَعْجَلَهُ السَّيْرُ يُوَ قَالَ عَبْدُ اللهِ رَأَيْتُ النَّبِيَّ إِذَا أَعْجَلَهُ السَّيْرُ يُوَ خَرُ لَا فَصَلَّى يُقِيمَ الْعِشَاءَ فَيُصلِيهِا ثَلاَتًا ثُمَّ يُسلِم وَلَا يَبْثُ حَتَّى يُقِيمَ الْعِشَاءَ فَيُصلِيها رَكْعَتَيْنِ ثُمَّ الله يُسلِم وَلا يُسِرِّ بَعْدَ الْعِشَاءِ حَتَّى يَقُومَ مِنْ جَوْفِ اللَّيْلِ.

## বাংলা

১০৯২. অপর এক সূত্রে সালিম (রহ.) বলেন, ইবনু 'উমার (রাযি.) মুযদালিফায় মাগরিব ও 'ইশা একত্রে আদায় করতেন। সালিম (রহ.) আরও বলেন, ইবনু 'উমার (রাযি.) তাঁর স্ত্রী সফীয়াহ বিন্ত আবূ উবাইদ-এর দুঃসংবাদ পেয়ে মদিনা ফেরার সময় মাগরিবের সালাত বিলম্বিত করেন। আমি তাঁকে বললাম, সালাতের সময় হয়ে গেছে। তিনি বললেন, চলতে থাক। আমি আবার বললাম, সালাত? তিনি বললেন, চলতে থাক। এমনকি দুই বা তিন মাইল অগ্রসর হলেন। অতঃপর নেমে সালাত আদায় করলেন। পরে বললেন, আমি নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম -কে সফরের ব্যন্ততার সময় এমনভাবে সালাত আদায় করতে দেখেছি। 'আবদুল্লাহ্ (রাযি.) আরো বলেন, আমি নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম -কে দেখেছি, সফরে যখনই তাঁর ব্যন্ততা ঘটেছে, তখন তিনি মাগরিবের সালাত (দেরী করে) আদায় করেছেন এবং তা তিন রাক'আতই আদায় করেছেন। মাগরিবের সালাম ফিরিয়ে অল্প দেরি করেই 'ইশার ইকামাত দেয়া হত এবং দু'রাক'আত আদায় করে সালাম ফিরাতেন। কিন্তু 'ইশার পরে গভীর রাত না হওয়া পর্যন্ত (নফল) সালাত আদায় করতেন না। (মুসলিম ৬/৫, হাঃ ৭০৩, আহমাদ ৪৪৭২) (আধুনিক প্রকাশনীঃ ১০২৫ শেষাংশ, ইসলামিক ফাউন্ডেশনঃ ১০৩০ শেষাংশ)



## **English**

And Salim added, "Ibn `Umar used to pray the Maghrib and `Isha' prayers together in Al-Muzdalifa." Salim said, "Ibn `Umar delayed the Maghrib prayer because at that time he heard the news of the death of his wife Safiya bint Abi `Ubaid. I said to him, 'The prayer (is due).' He said, 'Go on.' Again I said, 'The prayer (is due).' He said, 'Go on,' till we covered two or three miles. Then he got down, prayed and said, 'I saw the Prophet (\*\*) praying in this way, whenever he was in a hurry during the journey.' `Abdullah (bin `Umar) added, "Whenever the Prophet was in a hurry, he used to delay the Maghrib prayer and then offer three rak`at (of the Maghrib) and perform Taslim, and after waiting for a short while, Iqama used to be pronounced for the `Isha' prayer when he would offer two rak`at and perform Taslim. He would never offer any optional prayer till the middle of the night (when he used to pray the Tahajjud)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সালিম ইবনু 'আবদুল্লাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন